Visit www.banglajobguide.tk fb.com/BanglaJobGuide Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

★★ ২৪ পাতার সংখ্যা দাম : ৪ টাকা

# কর্মসংস্থান

www.karmosangsthan.com

Vol. 31 ■ Issue No. 10 ■ 10th March 2018 ■ Saturday ■ R.N.I. 44167/88

ভেতরের পাতায়

- রেলের গ্রুপ 'ডি' পদের পরীক্ষার সম্ভাব্য প্রশ্নোত্তর
- শক্তি ব্যবস্থাপনার ক্ষেত্রে এখন অনেক কাজের সুযোগ
- নানান কোর্সের খবর, সাফল্যের প্রস্তুতি ও অন্যান্য নিয়মিত বিভাগ

### মিশ্র ধাতু নিগমে

## ৪০ অ্যাপ্রেন্টিস

কেন্দ্রীয় সরকারের প্রতিরক্ষা মন্ত্রকের অধীন মিশ্র ধাতু নিগম লিমিটেড বিভিন্ন ট্রেডে ৪০ জন অ্যাপ্রেন্টিস নিচ্ছে। নেওয়া হবে এইসব ট্রেডে : ফিটার, ইলেক্ট্রিশিয়ান, মেশিনিস্ট, টার্নার, ওয়েল্ডার। মাধ্যমিক পাশরা আই.টি.আই. থেকে সংশ্লিষ্ট ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ

☞ এরপর ১৯ পাতায়

### ডি.আর.ডি.ও'তে

## ৩০ অ্যাপ্রেন্টিস

প্রতিরক্ষা মন্ত্রকের অধীন ডিফেন্স রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অর্গানাইজেশনের ইন্টিগ্রেটেড টেস্ট রেঞ্জ 'টেকনিশিয়ান (ডিপ্লোমা) অ্যাপ্রেন্টিস' হিসাবে ৩০ জন লোক নিচ্ছে।
পলিটেকনিক থেকে কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং/ আই.টি., ইলেক্ট্রনিক্স,

☞ এরপর ৪ পাতায়

## ১৫ সুপারভাইজর

ম্যাঙ্গালোর রিফাইনারি অ্যান্ড পেট্রোকেমিক্যালস লিমিটেড 'ল্যাবরেটরি সুপারভাইজর', 'ইঞ্জিনিয়ার (ফায়ার)', 'এক্সিকিউটিভ (ফিনান্স)' ও এক্সিকিউটিভ (ইন্টারন্যাল অডিট)' পদে ১৫ জন লোক নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

☞ এরপর ৭ পাতায়

## এইমসে ৬০০ নার্স

যোধপুরের অল ইন্ডিয়া ইনস্টিটিউট অফ মেডিক্যাল সায়েন্সেস 'নার্সিং অফিসার (স্টাফ নার্স গ্রেড-।)' পদে ৬০০ জন লোক নিচ্ছে।
নার্সিংয়ের বি.এসসি. অনার্স কোর্স (৪ বছরের) পাশরা

☞ এরপর ৪ পাতায়

### কেন্দ্রীয় স্টাফ সিলেকশন কমিশনের মাধ্যমে

# ১,২২৩ সাব-ইন্সপেক্টর কেন্দ্রীয় ৫ পুলিশ সংস্থায়

**গ্র্যাজুয়েট ছেলেমেয়ের জন্য**

সেন্ট্রাল আর্মড পুলিশ ফোর্সে (সেন্ট্রাল রিজার্ভ পুলিশ ফোর্স, বর্ডার সিকিউরিটি ফোর্স, ইন্দো-তিব্বত সীমান্ত পুলিশ ও সেন্ট্রাল ইন্ডাস্ট্রিয়াল সিকিউরিটি ফোর্স, সশস্ত্র সীমা বল) 'সাব-ইন্সপেক্টর' ও সেন্ট্রাল ইন্ডাস্ট্রিয়াল সিকিউরিটি ফোর্সে 'অ্যাসিস্ট্যান্ট সাব-ইন্সপেক্টর' আর দিল্লি পুলিশের সাব-ইন্সপেক্টর (এক্সিকিউটিভ) পদে ১,২২৩ জন ছেলেমেয়ে নেওয়া হচ্ছে।

যে কোনো শাখার গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা সব পদের জন্য আবেদন করতে পারেন। তবে দিল্লি পুলিশের সাব-ইন্সপেক্টর পদের বেলায় মোটর সাইকেল ও মোটর গাড়ি চালানোর বৈধ লাইসেন্স (এল.এম.ভি) থাকতে হবে।

☞ এরপর ১১ পাতায়

# রাজ্যের পুলিশে ১,৭০০ লোক নেওয়া হচ্ছে

**এইট পাশ ছেলেমেয়ের জন্য**

নিজস্ব সংবাদদাতা, কলকাতা : কলকাতা পুলিশ কমিশনারেট এলাকা বাদে সারা রাজ্যে রাজ্য পুলিশের কনস্টেবল পদে কত শূন্যপদ রয়েছে, তার তালিকা প্রতিটি জেলার পুলিশ সুপারের কাছ থেকে চেয়ে পাঠানো হয়েছিল। ওই তালিকা পাওয়ার পর দেখা যায়, এখনই রাজ্য পুলিশের কনস্টেবল পদে ১,৭০০ জন লোক নেওয়া জরুরি। এরপর রাজ্য পুলিশের ডিরেক্টর জেনারেলের অফিসের বৈঠকে সিদ্ধান্ত হয়, আপাতত কনস্টেবল পদে ৩০০ জন নেওয়া হবে। আর বাকি ১,৪০০ শূন্যপদের কাজ দেখার জন্য ১,৪০০ জন সিভিক ভলান্টিয়ার নেওয়া হবে। এরপর কনস্টেবল পদে ৩০০ জন লোক নেওয়ার জন্য রাজ্য পুলিশের দফতর থেকে অর্থ দফতরের কাছে প্রস্তাব পাঠানো হয়। কিন্তু অর্থ দফতর তা অনুমোদন না করে ফেরত পাঠিয়ে দিয়েছে। মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের জেলা সফরে রাজ্য পুলিশের ডিরেক্টর জেনারেল ব্যস্ত থাকায় চূড়ান্ত

☞ এরপর ১১ পাতায়

# রাজ্যে পঞ্চায়েত কর্মী, সহায়ক

দক্ষিণ দিনাজপুর জেলার জেলা শাসকের অফিস গ্রাম পঞ্চায়েত ও পঞ্চায়েত সমিতিতে কাজের জন্য এক্সিকিউটিভ অ্যাসিস্ট্যান্ট, গ্রাম পঞ্চায়েত সেক্রেটারি, গ্রাম পঞ্চায়েত কর্মী ও নির্মাণ সহায়ক পদে ৫০ জন ছেলেমেয়ে নেওয়া হচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য:

**নির্মাণ সহায়ক :** কোনো স্বীকৃত প্রতিষ্ঠান থেকে সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা আবেদন করতে পারেন। মূল মাইনে : ৯,০০০-৪০,৫০০ টাকা ও গ্রেড পে ৪,৪০০ টাকা। শূন্যপদ : ৪টি.(জেনাঃ ই.সি. ১, তঃ জাঃ ১, ও.বি.সি. বি- ক্যাটেগরি ই. সি. ১, জেনাঃ মেধাবী খেলোয়াড় ১)।

**এক্সিকিউটিভ অ্যাসিস্ট্যান্ট :** যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা কোনো স্বীকৃত প্রতিষ্ঠান থেকে কম্পিউটার অ্যাপ্লিকেশনের ডিপ্লোমা কোর্স পাশ হলে আবেদনের যোগ্য। সোশ্যাল ওয়ার্ক বা, রুরাল ডেভেলপমেন্টের ডিপ্লোমা বা, পোস্ট-গ্র্যাজুয়েট ডিগ্রি কোর্স পাশ হলে ভালো হয়। সোশ্যাল ওয়ার্ক বা, রুরাল ডেভেলপমেন্টের কাজে অভিজ্ঞতা থাকলেও ভালো হয়। মূল মাইনে : ৭,১০০-৩৭,৬০০ টাকা ও গ্রেড পে ৩,৬০০ টাকা। শূন্যপদ : ৭টি (জেনাঃ প্রতিবন্ধী ১, জেনাঃ ১, ও.বি.সি. এ ক্যাটেগরি ই.সি. ১, তঃজাঃ ২, জেনাঃ ই.সি. ১, জেনাঃ প্রাঃসঃকঃ ১)।

☞ এরপর ৫ পাতায়

# ১৫৫ ফিশারি অফিসার

অসম সরকারের ফিশারিজ দফতরে 'ফিশারি ডেভেলপমেন্ট অফিসার' ও 'ভেটেরিনারি অফিসার / ব্লক ভেটেরিনারি অফিসার' পদে ১৫৫ জন লোক নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

**ফিশারি ডেভেলপমেন্ট অফিসার :** ফিশারি সায়েন্সের ডিগ্রি (বি.এফ.এসসি.) কোর্স পাশরা যোগ্য। ডি.এফ.এসসি. বা, ফিশারি সায়েন্সের মাস্টার ডিগ্রি কোর্স পাশ হলেও যোগ্য। বয়স হতে হবে ২১ থেকে ৪৩ বছরের মধ্যে। মূল মাইনে : ৩০,০০০-১,১০,০০০ টাকা। শূন্যপদ : ৪৭টি (জেনাঃ ২৬, ও.বি.সি. ১২, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ৪, অন্যান্য ২)।

**ভেটেরিনারি অফিসার /ব্লক ভেটেরিনারি অফিসার :** অ্যানিম্যাল হাজবেন্ড্রি ও ভেটেরিনারি সায়েন্সে ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। বয়স হতে হবে ২১ থেকে ৪৩ বছরের মধ্যে। মূল মাইনে : ৩০,০০০-১,১০,০০০ টাকা ও গ্রেড পে ১২,৭০০ টাকা। শূন্যপদ : ১০৯টি (জেনাঃ ১৬, ও.বি.সি. ৪৬, তঃজাঃ ১০, তঃউঃজাঃ ১৬, অন্যান্য ২১)।

☞ এরপর ৮ পাতায়

# রেলের গ্রুপ 'ডি' পদের দরখাস্ত করবেন কীভাবে

কেন্দ্রীয় সরকারের রেল মন্ত্রকের অধীন সারা ভারতের বিভিন্ন রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ড এক বিজ্ঞপ্তিতে জানায়, কলকাতা, গুয়াহাটি, পটনা, রাঁচী, ভুবনেশ্বর-সহ সারা ভারতের ১৭টি রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের মাধ্যমে রেলে বিভিন্ন ক্যাটেগরিতে ৬২,৯০৭ জন গ্রুপ-ডি নেওয়ার যে খবর বেরিয়েছিল, তাতে সব পদের বেলায় শিক্ষাগত যোগ্যতা মাধ্যমিক পাশ করা হয়েছে। এছাড়াও আই.টি.আই. পাশ হলেও আবেদন করতে পারবেন। তবে আই.টি.আই. পাশ বাধ্যতামূলক নয়। এছাড়াও গ্রুপ-ডি পদের বেলায় বয়স ২ বছর বাড়ানো হয়েছে। অন্যদিকে, পরীক্ষা ফী বাবদ যাঁরা ৫০০ টাকা দিয়ে দরখাস্ত করেছেন বা, করবেন তাঁরা পরীক্ষায় বসলে ৪০০ টাকা ফেরত পাবেন। তপশিলী, প্রাক্তন সমরকর্মী, মহিলা, সংখ্যালঘু ও অর্থনৈতিকভাবে দুর্বল প্রার্থীরা পরীক্ষায় বসলে পরীক্ষার ফী'র টাকা পুরোটাই অর্থাৎ, ২৫০ টাকা ফেরত পাবেন। এছাড়াও

☞ এরপর ১৭ পাতায়

## ক্যান্টনমেন্ট বোর্ডে ৭১ চাকরি

পুনে ক্যান্টনমেন্ট বোর্ড জুনিয়র ক্লার্ক, ড্রাইভার, স্টাফ নার্স পদে ৩৬ জন লোক নিচ্ছে।
মাধ্যমিক পাশরা ভারি গাড়ি চালানোর বৈধ লাইসেন্স থাকলে 'ড্রাইভার' পদের জন্য যোগ্য। মূল মাইনে : ৫,২০০-২০,২০০ টাকা ও গ্রেড পে ১,৯০০ টাকা। শূন্যপদ : ১০টি।
উচ্চমাধ্যমিক পাশরা কম্পিউটারে

☞ এরপর ৭ পাতায়

১৩২ পাতার দাম ২৫ টাকা
মার্চ সংখ্যা বেরোল
কর্মসংস্থান গোষ্ঠীর
সাফল্য

রেলের গ্রুপ 'ডি' পরীক্ষার
৫ সেট সম্ভাব্য প্রশ্নোত্তর

আবগারি দফতরে সাব-ইন্সপেক্টর
পদের পরীক্ষার ২ সেট সম্ভাব্য প্রশ্নোত্তর

রেলের ড্রাইভার ও টেকনিশিয়ান
পদের পরীক্ষার ২ সেট সম্ভাব্য প্রশ্নোত্তর

স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার ক্লার্ক
পরীক্ষার ১ সেট সম্ভাব্য প্রশ্নোত্তর

কী করে ইংরিজি বলা শিখবেন

ভারতীয় সংবিধান ও ইংরিজি নিবন্ধ

G.I ও অঙ্কের নিমেষে উত্তর করার কৌশল

সারা ভারতের সব ধরণের বাংলা পত্রিকার মধ্যে আজও
১ নম্বর
কর্মসংস্থান

কলকাতা, শিলিগুড়ি বা, বর্ধমানের মতো শহরভিত্তিক বাংলা পত্রিকার প্রচার সংখ্যার ক্রমানুসারের কোনো তালিকা IRS বা কোনো সংস্থাই করে না। পরিসংখ্যান থেকে মন গড়া শীর্ষস্থান প্রচারের লোক ঠকানো চমক থেকে সাবধান হন।
শুধুমাত্র কাজের খবরের পত্রিকার মধ্যেই নয়, সব ধরণের সাপ্তাহিক, পাক্ষিক ও মাসিক বাংলা পত্রিকার মধ্যে 'কর্মসংস্থান' এখন শীর্ষে। আর সারা ভারতের সব ভাষা মিলিয়ে সেরা ১০টি পত্রিকার মধ্যে একমাত্র বাংলা পত্রিকা হিসাবে রয়েছে কর্মসংস্থান

* As per Indian Readership Survey, 2017

### JENPAUH, EVETS পরীক্ষার মাধ্যমে

# ফিজিওথেরাপি, নার্সিং ও পশু চিকিৎসার ডিগ্রি কোর্সে ভরতি শুরু

নিজস্ব প্রতিনিধি : পশ্চিমবঙ্গের বিভিন্ন সরকারি বা, বেসরকারি কলেজে 'ফিজিওথেরাপির ডিগ্রি', 'অডিওলজি অ্যান্ড স্পিচ ল্যাঙ্গোয়েজ প্যাথলজির ডিগ্রি', 'মেডিক্যাল ল্যাব টেকনিশিয়ানের ডিগ্রি' ও 'নার্সিংয়ের বি.এসসি.' কোর্সে ভরতির জন্য ২০১৭ সালের জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষা (JENPAUH-2018), 'ভেটেরিনারি সায়েন্স অ্যান্ড অ্যানিম্যাল হাজবেন্ড্রি' কোর্সে ভরতির জন্য ২০১৮ সালের জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষার (EVETS-2018) ফর্ম দেওয়া শুরু হয়েছে। পশ্চিমবঙ্গ-সহ সারা ভারতের প্রার্থীরা আবেদনের যোগ্য। কারা কোন বিষয়ে আবেদন করতে পারবেন :

☞ এরপর ৩ পাতায়

Visit www.banglajobguide.tk fb.com/BanglaJobGuide Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# সাধারণ জ্ঞান

## সাম্প্রতিক ঘটনা


১। ২০১৮ সালে 'বিশ্ব সামাজিক ন্যায়বিচার দিবস'এর থিম কী ছিল — ওয়ার্কার্স অন দ্য মুভ : দ্য কোয়েস্ট ফর সোশ্যাল জাস্টিস।

২। এবার রাজ্যের মজে যাওয়া বিভিন্ন নদীকে পুনরুজ্জীবন করার লক্ষ্যে সম্প্রতি নতুন প্রকল্প হাতে নিল পশ্চিমবঙ্গ সরকার। এই প্রকল্পের নাম কী — পুনরুজ্জীবন প্রকল্প (উত্তর ২৪ পরগনা, হাওড়া, হুগলি ও পূর্ব বর্ধমান জেলার ৭টি নদীকে এজন্য বেছে নেওয়া হয়েছে)।

৩। সরকার বিরোধী বিক্ষোভের জেরে সম্প্রতি পূর্ব আফ্রিকার দেশ ইথিওপিয়ার প্রধানমন্ত্রী পদত্যাগ করলেন। তাঁর নাম কী — হেলমারিয়াম ডিসালেন।

৪। ব্রিটিশ গোয়েন্দা সংস্থা স্কটল্যান্ড ইয়ার্ডের সন্ত্রাসদমন বিভাগের প্রধান কে হতে চলেছেন — ভারতীয় বংশোদ্ভূত পুলিশকর্তা নীল বসু।

৫। বিশিষ্ট বেহালাবাদক এম.এস.



অনন্তরামন (৯৪ বছর) কবে মারা যান — ২০১৮ সালের ১৯ ফেব্রুয়ারি।

৬। ২০১৮ সালে কোন দেশ 'বিশ্ব পরিবেশ দিবস' আয়োজন করতে চলেছে — ভারত।

৭। ২০১৮ সালে 'ব্রিটিশ আকাদেমি অফ ফিল্ম অ্যান্ড টেলিভিশন আর্টস' (BAFTA) পুরস্কারে কোন চলচ্চিত্র 'সেরা চলচ্চিত্র'এর পুরস্কার পেল — থ্রি বিলবোর্ডস আউটসাইড এব্বিং, মিসৌরি।

৮। 'সেন্ট্রাল ফর পলিসি রিসার্চ'এর (CPR) সদর দফতর ভারতের কোন শহরে আছে — নয়াদিল্লি।

৯। ব্যাঙ্ক জালিয়াতির সন্ধানে 'ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক' সম্প্রতি কোন কমিটি গঠন করেছে — ওয়াই.এইচ. মালেগাম কমিটি।

১০। কে সম্প্রতি বিশ্বের সবথেকে ছোট পেনসিল তৈরি করে নজির গড়লেন — উত্তরাখণ্ডের বাসিন্দা প্রকাশ চন্দ্র উপাধ্যায় (এই পেনসিলটি ৫ মিলিমিটার লম্বা ও ০.৫ মিলিমিটার চওড়া। একটুকরো কাঠ দিয়ে তৈরি এই পেনসিলের এইচবি শীর্ষ পালটানো যাবে না)।

১১। বার্লিনের স্বেচ্ছাসেবী সংস্থা 'ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল'এর এক রিপোর্ট অনুযায়ী, বিশ্বের ১৮০টি দুর্নীতিগ্রস্ত দেশের তালিকায় ভারতের স্থান কত — ৮১।

১২। পাক-ই-স্তানের প্রথম হিন্দু সেনেটর হিসাবে কে দায়িত্ব নিতে চলেছেন — কৃষ্ণ কুমারী কোহলি।

১৩। কে সম্প্রতি প্রথম ভারতীয় মহিলা বৈমানিক হিসাবে একা সুপারসনিক



যুদ্ধবিমান মিগ ২১ 'বাইসন' ওড়ালেন — ফ্লাইং অফিসার অবনী চতুর্বেদী।

১৪। কোন দেশ সম্প্রতি 'বাম্পস্টক মেশিনগান'এর ব্যবহার ও বিক্রি নিষিদ্ধ করার প্রক্রিয়া শুরু করল — মার্কিন যুক্তরাষ্ট্র ('বাম্পস্টক' হল এমন একটি যন্ত্র বা, প্রযুক্তি, যা সাধারণ বন্দুক বা, রাইফেলের সঙ্গে জুড়ে দিলেই তা থেকে মিনিটে ৪০০ রাউন্ড থেকে ৮০০ রাউন্ড পর্যন্ত গুলি বেরোবে)।

১৫। এখন থেকে বেসরকারি সংস্থাও বাণিজ্যিকভাবে খনি থেকে কয়লা উত্তোলন করতে পারবে বলে জানালো কেন্দ্রীয় সরকার। এতদিন শুধুমাত্র কোন সংস্থা একচেটিয়াভাবে এই কাজ করত — 'কোল ইন্ডিয়া লিমিটেড' (CIL)।

১৬। 'Hari Singh Nalwa : Champion of the Khalsaji-1791-1837' বইটির লেখক কে — ভানিত নালওয়া।

১৭। ২০১৮ সালে ভারতের কোন শহর 'ইকোনমিক টাইমস-গ্লোবাল বিজনেস সম্মেলন' (ET-GBS) আয়োজন করেছে — নয়াদিল্লি।

১৮। ২০১৮ সালে 'ইকোনমিক টাইমস-গ্লোবাল বিজনেস সম্মেলন'এর (ET-GBS) থিম কী ছিল — নিউ ইকোনমি-নিউ রুলস।

১৯। ২০১৮ সালে ভারতের কোন শহর 'ইন্টারন্যাশনাল কনফারেন্স অন সাসটেইনেবল বায়োফুয়েলস' (ICSB) আয়োজন করেছে — নয়াদিল্লি।

২০। 'স্বচ্ছ ভারত অভিযান'এর প্রচার দূত কুনওয়ার বাই যাদব (১০৬ বছর) কবে মারা যান — ২০১৮ সালের ২৩ ফেব্রুয়ারি।

২১। নীলাভ মিশ্র (৫৭ বছর), যিনি ২০১৮ সালের ২৪ ফেব্রুয়ারি মারা গেলেন, তিনি কোন ক্ষেত্রের সঙ্গে যুক্ত ছিলেন — সাংবাদিকতা।

২২। 'ইন্ডিয়া ইন্টারন্যাশনাল টেক্সটাইলস এক্সপো' (IITExpo) কোন দেশের কোন শহরে অনুষ্ঠিত হয়েছে — শ্রীলঙ্কার রাজধানী কলম্বো শহরে।

২৩। ২০১৮ সালে 'আন্তর্জাতিক মাতৃভাষা দিবস'এর (IMLD) থিম কী ছিল — লিঙ্গুইস্টিক ডাইভাসিটি অ্যান্ড মাল্টিলিঙ্গুয়ালিজম কাউন্ট ফর সাসটেইনেবল ডেভেলপমেন্ট।

২৪। সুরেশ শেঠ (৮৬ বছর), যিনি ২০১৮ সালের ২১ ফেব্রুয়ারি মারা গেলেন, তিনি কোন রাজনৈতিক দলের সঙ্গে যুক্ত ছিলেন — ভারতীয় জাতীয় কংগ্রেস।

২৫। ২০১৮ সালে নয়াদিল্লিতে অনুষ্ঠিত 'যুব উৎসব'এর থিম কী ছিল — লেট লাভ লাইফ।

২৬। 'চন্দ্রপুর সুপার থার্মাল পাওয়ার স্টেশন' (CSTPS) ভারতের কোন রাজ্যে আছে — মহারাষ্ট্র।

২৭। বলিউড অভিনেত্রী শ্রীদেবী (৫৪ বছর) কবে মারা যান — ২০১৮ সালের ২৪ ফেব্রুয়ারি।

২৮। যৌথ বাহিনীর সঙ্গে গুলির লড়াইয়ে সম্প্রতি 'গারো ন্যাশনাল লিবারেশন আর্মি'র (GNLA) স্বঘোষিত নেতা মারা গেলেন। তাঁর নাম কী — সোহন ডি শিরা।

## খেলাধুলা

২৯। ২০১৮ সালে কোন ক্লাব, প্রথম ভারতীয় ক্লাব হিসাবে বিদেশি কোনো ক্লাবে ফুটবলার বিক্রি করে ট্রান্সফারের টাকা রোজগার করল — সুনীল ছেত্রীর ক্লাব বেঙ্গালউরু এফ সি (স্প্যানিশ ফুটবলার এডু গার্সিয়াকে চিনের প্রথম ডিভিশনে খেলা দল ঝেজিয়াং লুচেনে ছেড়ে দিল তারা। বিনিময়ে বিদেশি ক্লাব থেকে ফুটবলার ট্রান্সফার ফি হিসাবে প্রায় ৯৮ লাখ টাকা তুলে নিল)।

৩০। ২০১৮ সালে শীতকালীন অলিম্পিকে সিঙ্গল ফিগার স্কেটিংয়ে



১৫ বছর বয়সে কে সোনার পদক পেলেন — রাশিয়ার অলিনা জাগিতোভা।

৩১। ২০১৮ সালে 'বেঙ্গালউরু প্রিমিয়ার লিগ'এ কোন দল চ্যাম্পিয়ন হল — ওজোন এফসি।

৩২। কোরিয়ার বিরুদ্ধে হকি সিরিজে ভারতের মহিলা দলের অধিনায়ক কাকে বাছা হল — রাণি রামপালকে।

৩৩। কোন মার্কিনি স্কি জাম্পার সম্প্রতি আন্তর্জাতিক খেলা থেকে অবসর নিলেন — লিন্ডসে মেরি ভন।

৩৪। ২০১৮ সালে 'ত্রিদেশীয় টোয়েন্টি-২০ সিরিজ'এ কোন দল চ্যাম্পিয়ন হল — অস্ট্রেলিয়া (নিউজিল্যান্ডকে ১৯ রানে হারিয়ে)।

৩৫। ২০১৮ সালে 'সুইস ওপন ব্যাডমিন্টন টুর্নামেন্ট'এ পুরুষদের সিঙ্গলসে কে চ্যাম্পিয়ন হলেন — ভারতের সমীর ভার্মা (জোরগেনসেনকে ২১-১৫ ও ২১-১৩ ব্যবধানে হারিয়ে)।

৩৬। ২০১৮ সালে বুলগেরিয়ায় অনুষ্ঠিত 'স্ট্র্যান্ডিয়া আন্তর্জাতিক স্মৃতি বক্সিং টুর্নামেন্ট'এ ছেলেদের ৪৯ কেজি বিভাগে কে সোনার পদক পেলেন — অমিত পাঙঘাল।

৩৭। ২০১৮ সালে 'সুলতান আহমেদ স্মৃতি অনূর্ধ্ব-১৪ ফুটবল টুর্নামেন্ট'এ কোন দল চ্যাম্পিয়ন হল — মোহনবাগান স্পোর্টিং।

৩৮। ২০১৮ সালে মেলবোর্নে অনুষ্ঠিত 'বিশ্ব জিমন্যাস্টিক্স'এ মেয়েদের ভল্টে



কে ব্রঞ্জ পদক পেলেন — ভারতের অরুণা বুড্ডা রেড্ডি (প্রথম ভারতীয় জিমন্যাস্ট হিসাবে বিশ্বকাপে পদক পেলেন তিনি)।

৩৯। ২০১৮ সালে 'অস্ট্রিয়ান ওপন আন্তর্জাতিক চ্যালেঞ্জ'এ পুরুষদের সিঙ্গলসে কে চ্যাম্পিয়ন হলেন — ভারতের পারুপল্লি কাশ্যপ (মালয়েশিয়ার জুন ওয়েই চিমকে ২৩-২১ ও ২১-১৪ ব্যবধানে হারিয়ে)।

৪০। ২০১৮ সালে 'স্ট্র্যান্ডিয়া আন্তর্জাতিক স্মৃতি বক্সিং টুর্নামেন্ট'এ মহিলাদের ৪৯ কেজি বিভাগে কে রুপোর পদক পেলেন — ভারতের চুঙ্গনেইজাং মেরি কম হামাঙ্গতে (বুলগেরিয়ার সেভদা আসেনোভার কাছে হেরে)।

৪১। ২০১৮ সালে 'লিগ কাপ'এ কোন দল চ্যাম্পিয়ন হল — ম্যাঞ্চেস্টার সিটি (আর্সেনালকে হারিয়ে)।

৪২। ২০১৮ সালে 'শীতকালীন অলিম্পিক্স'এ আইস হকিতে কোন দেশের খেলোয়াড়রা সোনার পদক পেলেন — রাশিয়ার খেলোয়াড়রা।

৪৩। ২০১৮ সালে হায়দরাবাদে অনুষ্ঠিত 'গোলকোন্ডা মাস্টার্স গলফ টুর্নামেন্ট'এ কে চ্যাম্পিয়ন হলেন — আহমেদাবাদের উদয়ন মানে।

৪৪। ২০১৮ সালে 'দুবাই ওপন'এ মহিলাদের সিঙ্গলসে কে চ্যাম্পিয়ন হলেন — ইউক্রেনের এলিনা স্ভিতোলিনা (রাশিয়ার দারিয়া কাসাতকিনাকে ৬-৪ ও ৬-০ ব্যবধানে হারিয়ে)।

৩৮। ২০১৮ সালে বুলগেরিয়ায় অনুষ্ঠিত 'স্ট্র্যান্ডিয়া আন্তর্জাতিক স্মৃতি বক্সিং টুর্নামেন্ট'এ ছেলেদের ৭৫ কেজি বিভাগে কে সোনার পদক পেলেন — বিকাশ কৃষাণ।


## সাধারণ বিজ্ঞান

৪৬। দু'টি বিন্দুর মধ্যেকার তড়িৎবিভব মাপার যন্ত্রের নাম কী — ভোল্টমিটার।

৪৭। ফটোগ্রাফিতে কোন রাসায়নিক দ্রব্য ব্যবহৃত হয় — সিলভার ব্রোমাইড।

৪৮। পুরনো পাণ্ডুলিপির লেখা পড়ার জন্য কোন রশ্মি ব্যবহার করা হয় — অবলোহিত রশ্মি।

৪৯। কোন বিজ্ঞানী প্রথম দেখান, সব



জৈব যৌগের মধ্যে কার্বন আছে — ল্যাভয়সিয়ার।

৫০। ওষুধরূপে ও ড্রাইওয়াশে কী ব্যবহার করা হয় — ইথাইল অ্যালকোহল।

৫১। 'গান পাউডার' বা, 'বারুদ' কী দিয়ে তৈরি — সালফার, চারকোল ও অ্যালুমিনিয়াম।

৫২। জার্মান সিলভার কোন কোন ধাতুর সংকর — তামা, দস্তা ও নিকেল।

৫৩। লালচে গরম লোহার ওপর দিয়ে বাষ্প চালনা করলে কোন গ্যাস উৎপাদিত হয় — হাইড্রোজেন।

৫৪। পিচ্ছিলকারক পদার্থ হিসাবে কী ব্যবহৃত হয় — গ্রাফাইট।

৫৫। লবণাক্ত জল থেকে লবণ আলাদা করার পদ্ধতিকে কী বলে — ডিস্যালিনেশান।

৫৬। পোড়া চুনের রাসায়নিক নাম কী — ক্যালসিয়াম অক্সাইড।

৫৭। কোন অ্যাসিডকে কাঁচের পাত্রে রাখা যায় না — হাইড্রোফ্লুওরিক অ্যাসিড।

৫৮। স্টেথোস্কোপ যন্ত্রে শব্দের কোন ধর্মকে কাজে লাগানো হয় — প্রতিফলন ধর্মকে।

৫৯। ব্যাকটেরিয়াকে ধ্বংস করার জন্য লালারসে কী উৎসেচক থাকে — লাইসোজোম।

৬০। ফণিমনসার কাণ্ডকে কী বলে — পর্ণকাণ্ড।

৬১। হিমোগ্লোবিনের খনিজ উপাদান কী — লোহা।

৬২। টায়ালিন কোন জাতীয় খাদ্যকে পাচিত করে — শ্বেতসার।

## ইতিহাস

৬৩। কে কাদের 'দোকানদারের জাত' বলে বিদ্রূপ করতেন — নেপোলিয়ন বোনাপার্ট, ইংরেজদের।

৬৪। নেপোলিয়ন বোনাপার্টকে প্রথমবার কোথায় নির্বাসিত করা হয়েছিল — এলবা দ্বীপে।

৬৫। কবে বাস্তিল দুর্গের পতন ঘটে — ১৭৮৯ খ্রিস্টাব্দের ১৪ জুলাই।

৬৬। ফরাসি বিপ্লবের আদর্শ কী ছিল — স্বাধীনতা, সাম্য ও মৈত্রী।

৬৭। রোবসপিয়ার কে ছিলেন — জ্যাকোবিন নেতা।

৬৮। 'লেতর ফিলজফিক' কে লিখেছিলেন — ভলতেয়ার।

৬৯। ফ্রান্সে বংশানুক্রমিক অভিজাতরা কী নামে পরিচিত ছিল — নবিলিটি অফ দ্য সোর্ড।

৭০। কাকে 'রাষ্ট্রগুরু' আখ্যা দেওয়া



হয়েছিল — সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়কে।

৭১। 'মর্লে মিন্টো সংস্কার' কোন সালে প্রবর্তন হয় — ১৯০৯ সালে।

৭২। বঙ্গভঙ্গের ফলে গঠিত দু'টি প্রদেশের নাম কী কী — পূর্ববঙ্গ ও অসম।

৭৩। 'শিকাগো ধর্মসভা'র শ্রেষ্ঠ বক্তা কে ছিলেন — স্বামী বিবেকানন্দ।

৭৪। চেঙ্গিস খান কার আমলে ভারত আক্রমণ করেন — ইলতুৎমিসের আমলে।

৭৫। 'আকাদেমিক অ্যাসোসিয়েশন' কে



প্রতিষ্ঠা করেছিলেন — ডিরোজিও।

৭৬। কবীর, তাঁর মতাদর্শ কীসের মাধ্যমে প্রচার করতেন — দোহার মাধ্যমে।

৭৭। কে প্রথম 'ভক্তি আন্দোলন'এর সূচনা করেন — রামানুজ।

৭৮। মধ্যযুগে কে 'নির্গুণ ভক্তি আন্দোলন'এর সূচনা করেন — রামানন্দ।

৭৯। শেষ গুপ্ত সম্রাটের নাম কী ছিল — বিষ্ণুগুপ্ত।

৮০। শৈলেন্দ্র রাজাদের শ্রেষ্ঠ সৃষ্টি কী — বরবুদুরের বৌদ্ধ স্তূপ।

## ভূগোল

৮১। পৃথিবীর কক্ষপথের পরিধি কত — প্রায় ৯৬ কোটি কিলোমিটার।

৮২। কাশ্মীর উপত্যকার মধ্যে দিয়ে



কোন নদী প্রবাহিত হয়েছে — ঝিলাম।

৮৩। কোন দিন পৃথিবী থেকে সূর্যের দূরত্ব সর্বাধিক হয় — ৪ জুলাই।

৮৪। মেরুপ্রদেশের কাছাকাছি স্থানসমূহের অক্ষাংশকে কী বলে — উচ্চ অক্ষাংশ।

৮৫। কোন প্রণালীর মধ্যে দিয়ে আন্তর্জাতিক তারিখরেখা কল্পনা করা হয়েছে — বেরিং।

৮৬। যান্ত্রিক আবহবিকারের ফলে শিলার কী ধরণের বদল হয় — আকৃতিগত।

৮৭। গঙ্গা নদীর দৈর্ঘ্য কত — ২,৫১০ কিলোমিটার।

৮৮। কোন শিলায় কয়লা, খনিজ তেল সঞ্চিত থাকে — পাললিক শিলা।

৮৯। 'হর্নরেন্ড' কোন জাতীয় শিলা — রূপান্তরিত।

৯০। হিমবাহের ক্ষয়কার্যের ফলে কোন হ্রদ সৃষ্টি হয় — করি হ্রদ।

৯১। পলি, কাদা প্রভৃতি পদার্থ নদী কীভাবে বহন করে — ভাসমান প্রক্রিয়ায়।

৯২। 'শিবসমুদ্রম জলপ্রপাত' কোন নদীর গতিপথে অবস্থিত — কাবেরী নদীর।

৯৩। তির্যক বালিয়াড়ির অন্য নাম কী — বার্খান।

৯৪। কোন মাটিতে সবথেকে বেশি নারকেল উৎপন্ন হয় — উপকূলীয় মাটিতে।

৯৫। ভারতের কোন রাজ্যে পলিমাটি সবথেকে কম দেখা যায় — মধ্য প্রদেশ।

৯৬। ভারতের বৃষ্টিপাতকে কোন বায়ু নিয়ন্ত্রণ করে — দক্ষিণ-পশ্চিম মৌসুমী বায়ু।

সঙ্কলক : পলি দেওয়ান

Visit www.banglajobguide.tk fb.com/BanglaJobGuide Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# রাজ্যের পুলিশে ১,৭০০ লোক

১ পাতার পর

সিদ্ধান্ত কিছু হয়নি। তবে প্রাথমিকভাবে সিদ্ধান্ত হয়েছে, অর্থ মন্ত্রকের অনুমোদন না পাওয়া গেলে আপাতত সিভিক ভলান্টিয়ার পদেই ফের ১,৭০০ জন লোক নেওয়া হবে। কিন্তু এই নিয়োগের জন্য দরখাস্ত নেওয়া ও প্রার্থী বাছাই হবে একেবারে জেলা স্তরে। পুলিশ রিক্রুটমেন্ট বোর্ডের মাধ্যমে হবে না।

জেলা সফর শেষে মুখ্যমন্ত্রী ও রাজ্য পুলিশের ডিরেক্টর জেনরেল ফিরলে এ ব্যাপারে আরেকবার আলোচনা করে চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়া হবে।

তবে আপাতত কলকাতা পুলিশের সিভিক ভলান্টিয়ার পদে ৭৫ জন আর পশ্চিমবঙ্গ রাজ্য পুলিশের ইন্টেলিজেন্স শাখায় 'ড্রাইভার' পদে ৪০ জন ছেলে নেওয়া হচ্ছে।

ক্লাস এইট পাশরা বাংলা ভাষায় লিখতে ও পড়তে জানলে রাজ্য পুলিশের ইন্টেলিজেন্স শাখায় 'ড্রাইভার' পদের জন্য আবেদন করতে পারেন। গাড়ি চালানোর অন্তত ৩ বছরের বৈধ লাইসেন্স থাকতে হবে ও গাড়ি চালানোর কাজে অন্তত ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স হতে হবে ১-১-২০১৮'র হিসাবে ২১ থেকে ৪০ বছরের মধ্যে। শুরুতে ১ বছরের চুক্তিতে কাজ করতে হবে। পারিশ্রমিক মাসে ১১,৫০০ টাকা। শূন্যপদ : ৪০টি।

দরখাস্ত দেখে বাছাই প্রার্থীদের ড্রাইভিং টেস্ট, ইন্টারভিউ, ডাক্তারি পরীক্ষা, ও সার্টিফিকেট ভেরিফিকেশন হবে।

দরখাস্ত করবেন সাধারণ কাগজে, পুরো বায়োডাটা দিয়ে। এছাড়াও বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.policewb.gov.in সঙ্গে দেবেন : (১) বয়স, শিক্ষাগত যোগ্যতা ও কাস্ট সার্টিফিকেটের প্রত্যয়িত নকল, (২) ড্রাইভিং লাইসেন্সের প্রত্যয়িত নকল, (৩) বাসিন্দা সার্টিফিকেটের প্রত্যয়িত নকল, (৪) অভিজ্ঞতার সার্টিফিকেট বা, অন্যান্য যোগ্যতা থাকলে তার প্রমাণপত্রের প্রত্যয়িত নকল। দরখাস্ত পৌঁছনো চাই ১৫ মার্চের মধ্যে। এই ঠিকানায় : The Additional Director General of Police, IB West Bengal, M.T. Section, IB, 13 Lord Sinha Road, Kolkata-71.

কলকাতা পুলিশ সিভিক ভলান্টিয়ার পদে ৭৫ জন ছেলেমেয়ে নিচ্ছে। ক্লাস এইট পাশরা ১-১-২০১৮'র হিসাবে ২০ থেকে ৬০ বছরের মধ্যে বয়স থাকলে আবেদন করতে পারেন। খেলাধূলা, এন.সি.সি., সিভিল ডিফেন্স ভলান্টিয়ার্সের কাজে অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার পাবেন। শারীরিকভাবে ও মানসিকভাবে সুস্থ থাকতে হবে। কোন ডিভিশনে ক'টি শূন্যপদ : ইস্টার্ণ সুবারবান ডিভিশনে ১০টি, সাউথ ইস্ট ডিভিশনে ১৫টি, সাউথ ডিভিশনে ২৫টি, স্পেশাল টাস্ক ফোর্সে ১৫টি, কলকাতা পুলিশ ডিরেক্টরেটে ১০টি। এই পদের বিজ্ঞপ্তি নং : FRC/ Recruit / 04/2018.

প্রার্থী বাছাই করবে সংশ্লিষ্ট পুলিশ স্টেশন অফিসার বা, ডি.আর.ও.।

দরখাস্ত করবেন নির্দিষ্ট ফর্মে, নিচের বয়ানে। যে থানার শূন্যপদের জন্য দরখাস্ত করবেন, সেই থানার বাসিন্দা হলে অগ্রাধিকার পাবেন। এছাড়াও দরখাস্তের বয়ান ডাউনলোড করতে পারবেন এই ওয়েবসাইট থেকে : www.kolkatapolice.gov.in

দরখাস্তের সঙ্গে দেবেন : (১) প্যান কার্ড, পাশপোর্ট, ড্রাইভিং লাইসেন্স, ভোটার কার্ড, ব্যাঙ্ক পাশবুক, আধার কার্ডের স্ব-প্রত্যয়িত নকল, (২) বাসিন্দা সার্টিফিকেটের স্ব-প্রত্যয়িত নকল, (৩) এখনকার তোলা ও স্ব-প্রত্যয়িত করা ১ কপি পাশপোর্ট মাপের ফটো (দরখাস্তের নির্দিষ্ট জায়গায় সেঁটে), (৪) বয়স ও শিক্ষাগত যোগ্যতার স্ব-প্রত্যয়িত নকল। দরখাস্ত-ভরা খামের ওপর লিখবেন 'Application for the post of Civic Volunteer'. দরখাস্ত হাতে-হাতে জমা দেবেন সংশ্লিষ্ট ইউনিট অফিসে, ১৩ মার্চের মধ্যে। ইস্টার্ণ সুবারবান ডিভিশন, কলকাতা পুলিশের বেলায় পাঠাবেন এই ঠিকানায় : Deputy Commissioner of Police, Eastern Suburban Division, Kolkata, 105, Hem Chandra Naskar Road, Kolkata - 10. সাউথ ইস্ট ডিভিশন, কলকাতা পুলিশের বেলায় পাঠাবেন এই ঠিকানায় : Deputy Commissioner of Police, South East Division, 2 Syed Amir Ali Avenue, Kolkata - 17. সাউথ ডিভিশন কলকাতা পুলিশের বেলায় পাঠাবেন এই ঠিকানায় : Deputy Commissioner of Police, South Division, 34 Park Street, Kolkata - 16. স্পেশাল টাস্ক ফোর্স, কলকাতা পুলিশের বেলায় পাঠাবেন এই ঠিকানায় : Deputy Commissioner of Police, Special Task Force, 19 Lalbazar Street, Kolkata - 1. কলকাতা পুলিশ ডিরেক্টরেটের বেলায় পাঠাবেন এই ঠিকানায় : Joint Commissioner of Police (Establishment Section),18, Lalbazar Street, Kolkata - 1. দরখাস্তের বয়ান আছে ২২ পাতায়

# ১,২২৩ সাব-ইন্সপেক্টর

১ পাতার পর

বয়স হতে হবে ১-৮-২০১৮'র হিসাবে ২০ থেকে ২৫ বছরের মধ্যে। ও.বি.সি. সম্প্রদায়ের প্রার্থীরা ৩ বছর, তপশিলীরা ৫ বছর, বিধবা-বিবাহ বিচিছন্না মহিলারা পুনর্বিবাহ না করে থাকলে ৩৫ (তপশিলী হলে ৪০, ও.বি.সি. হলে ৩৮) বছর পর্যন্ত আর প্রাক্তন সমরকর্মী ও বিভাগীয় প্রার্থীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। প্রতিবন্ধীরা আবেদনের যোগ্য নন। এন.সি.সি.'র 'B' বা, 'C' সার্টিফিকেট থাকলে কিংবা খেলাধূলায় অসাধারণ কৃতিত্ব থাকলে ভালো হয়। শরীরের মাপজোখ হতে হবে ছেলেদের বেলায় লম্বায় অন্তত ১৭০ (গোর্খা, সিকিমী বা, উত্তর-পূর্বাঞ্চল রাজ্যগুলির পার্বত্য এলাকার ছেলেরা ১৬৫, তপশিলী উপজাতি হলে ১৬২.৫) সেমি আর বুকের ছাতি না-ফুলিয়ে ৮০ (তপশিলী উপজাতি হলে ৭৭) সেমি ও ফুলিয়ে ৮৫ (তপশিলী উপজাতি হলে ৮২) সেমি।

মেয়েদের বেলায় শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৫৭ (গোর্খা, সিকিমী ও পার্বত্য এলাকার মেয়েরা ১৫৫, তপশিলী উপজাতি হলে ১৫৪) সেমি। সব ক্ষেত্রেই ওজন থাকতে হবে উচ্চতার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ। দৃষ্টিশক্তি হতে হবে কাছের বেলায় ভালো চোখে N6, খারাপ চোখে N9. দূরের বেলায় এক চোখে ৬/৬ ও অন্য চোখে ৬/৯। ভাঙা হাঁটু, পায়ের চ্যাটালো পাতা, শিরাস্ফীতি, ট্যারা দৃষ্টি, বর্ণান্ধতা কিংবা শারীরিক বা, মানসিক ত্রুটি থাকলে আবেদনের যোগ্য নন। মূল মাইনে : সাব-ইন্সপেক্টর পদে ৩৫,৪০০-১,১২,৪০০ টাকা। আর অ্যাসিস্ট্যান্ট সাব-ইন্সপেক্টর পদে মূল মাইনে : ২৯,২০০-৯২,৩০০ টাকা। শূন্যপদ : দিল্লি পুলিশের সাব-ইন্সপেক্টর পদে — ছেলেদের জন্য ৯৭টি (জেনাঃ ৪৮, ও.বি.সি. ৩৯, তঃজাঃ ৬, তঃউঃজাঃ ৪)। এর মধ্যে প্রাক্তন সমরকর্মীদের জন্য ১১টি পদ সংরক্ষিত। মেয়েদের জন্য ৫৩টি (জেনাঃ ২৮, ও.বি.সি. ১৫, তঃজাঃ ৭, তঃউঃজাঃ ৩)।

সি.আর.পি.এফ.'এর সাব-ইন্সপেক্টর পদের বেলায়—ছেলেদের জন্য ২৭৪টি (জেনাঃ ১৩৮, ও.বি.সি. ৭৪, তঃজাঃ ৪১, তঃউঃজাঃ ২১)। এর মধ্যে প্রাক্তন সমরকর্মীদের জন্য ২৭টি পদ সংরক্ষিত।

বি.এস.এফ.'এর সাব-ইন্সপেক্টর পদের বেলায় —ছেলেদের জন্য ৪৮৩টি (জেনাঃ ২৪৫, ও.বি.সি. ১৩০, তঃজাঃ ৭২, তঃউঃজাঃ ৩৬)। মেয়েদের জন্য ২৫টি (জেনাঃ ১২, ও.বি.সি. ৭, তঃজাঃ ৪, তঃউঃজাঃ ২)। এর মধ্যে প্রাক্তন সমরকর্মীদের জন্য ৫১টি পদ সংরক্ষিত।

আই.টি.বি.পি.'র সাব-ইন্সপেক্টর পদের বেলায় —ছেলেদের জন্য ৭২টি (জেনাঃ ১৫, ও.বি.সি. ৪২, তঃজাঃ '৫, তঃউঃজাঃ ১০)। মেয়েদের জন্য ১৩টি (জেনাঃ ৩, ও.বি.সি. ৭, তঃজাঃ ১, তঃউঃজাঃ ২)। এর মধ্যে প্রাক্তন সমরকর্মীদের জন্য ৮টি পদ সংরক্ষিত।

এস.এস.বি.'র সাব-ইন্সপেক্টর পদের বেলায় —ছেলেদের জন্য ২০৬টি (জেনাঃ ১০৩, ও.বি.সি. ৫৭, তঃজাঃ ৩১, তঃউঃজাঃ ১৫)। এর মধ্যে প্রাক্তন সমরকর্মীদের জন্য ২১টি পদ সংরক্ষিত।

সি.আই.এস.এফ.'এর সাব-ইন্সপেক্টর পদের বেলায় শূন্যপদের সংখ্যা পরে জানানো হবে।

প্রার্থী বাছাই করবে স্টাফ সিলেকশন কমিশন। 'Recruitment of Sub-Inspectors in Delhi Police, CAPFs and Assistant Sub-Inspector in CISF Examination, 2018' পরীক্ষার মাধ্যমে। প্রার্থী বাছাইয়ের পরীক্ষা হবে দু'টি পর্যায়ে। প্রথম পর্যায়ের পরীক্ষা হবে ৪ জুন থেকে ১০ জুনের মধ্যে। এইসব কেন্দ্রে : কলকাতা (৪৪১০), পোর্ট ব্লেয়ার (৪৮০২), গ্যাংটক (৪০০১), ভুবনেশ্বর (৪৬০৪), রাঁচি (৪২০৫), গৌহাটি (দিসপুর) (৫১০৫), ইটানগর (৫০০১), ডিব্রুগড় (৫১০২), জোড়হাট (৫১০৭), শীলচর (৫১১১), ইম্ফল (৫৫০১), শিলং (৫৪০১), আইজল (৫৭০১), কোহিমা (৫৩০২), আগরতলা (৫৬০১), পটনা (৩২০৬), মজঃফরপুর (৩২০৫), ভাগলপুর (৩২০১)।

লিখিত পরীক্ষায় থাকবে দু'টি পেপার। প্রথম পেপারে ২০০ নম্বরের ২০০টি প্রশ্ন হবে এইসব বিষয়ে : পার্ট-এ : জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং, পার্ট-বি: জেনারেল নলেজ ও জেনারেল অ্যাওয়ারেনস, পার্ট-সি: কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউট, পার্ট-ডি: ইংলিশ কমপ্রিহেনশন। প্রতিটি পার্টে থাকবে ৫০ নম্বরের ৫০টি প্রশ্ন।

এরপর দ্বিতীয় পেপারের পরীক্ষা হবে ১ ডিসেম্বর। এই পেপারে ২০০ নম্বরের ২০০টি প্রশ্ন হবে ইংলিশ ল্যাঙ্গোয়েজ ও কমপ্রিহেনশন বিষয়ে। সময় থাকবে ২ ঘন্টা। সব পেপারেই প্রশ্ন হবে অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের। নেগেটিভ মার্কিং আছে। প্রতিটি প্রশ্নের ভুল উত্তরের জন্য ০.২৫ নম্বর কাটা হবে।

এরপর হবে শারীরিক মাপজোখ ও শারীরিক সক্ষমতার পরীক্ষা। এই পরীক্ষায় থাকবে ছেলেদের বেলায় ১৬ সেকেন্ডে ১০০ মিটার দৌড়, ৬.৫ মিনিটে ১.৬ কিমি. দৌড়, ৩ সুযোগে ৩.৬৫ মিটার লং জাম্প, ৩ সুযোগে ১.২ মিটার হাই জাম্প, ৩ সুযোগে ৪.৫ মিটার শট পাট। মেয়েদের বেলায় থাকবে ১৮ সেকেন্ডে ১০০ মিটার দৌড়, ৪ মিনিটে ৮০০ মিটার দৌড়, ৩ সুযোগে ২.৭ মিটার লং জাম্প, ৩ সুযোগে ০.৯ মিটার হাই জাম্প। সফল হলে এরপর হবে ডাক্তারি পরীক্ষা।

দরখাস্ত করবেন অনলাইনে, ২ এপ্রিল পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.ssc.nic.in, www.ssconline.nic.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। ওছাড়াও পাশপোর্ট মাপের ফটো (২০ কেবির মধ্যে) ও সিগনেচার (১২ কেবির মধ্যে) স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করবেন। তারপর পরীক্ষা ফী বাবদ ১০০ টাকা নেট ব্যাঙ্কিং, ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড বা, স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার কোনো শাখায় চালানের মাধ্যমে জমা দিতে হবে। স্টেট ব্যাঙ্কে নগদে টাকা জমা দিতে চাইলে প্রথমে ওই ওয়েবসাইটে গিয়ে পার্ট-। রেজিস্ট্রেশন করার পর চালানের মাধ্যমে স্টেট ব্যাঙ্কে টাকা জমা দিয়ে তবেই পার্ট-টু রেজিস্ট্রেশন করবেন।

নেট ব্যাঙ্কিং, ডেবিট কার্ড বা, ক্রেডিট কার্ডের মাধ্যমে টাকা জমা দিলে সরাসরি পার্ট-টু রেজিস্ট্রেশন করতে হবে। রেজিস্ট্রেশন করার পর রেজিস্ট্রেশন নম্বর প্রিন্ট করে নেবেন। তপশিলী, প্রাক্তন সমরকর্মী ও মহিলাদের ফী লাগবে না। আরো বিস্তারিত তথ্য ওপরের ওই ওয়েবসাইটে পাবেন। স্টেট ব্যাঙ্কে টাকা জমা দেবেন ৫ এপ্রিলের মধ্যে।


**পি. ব্যানার্জির পরিচালনায়**

স্কুল সার্ভিস Pol-Sc-এ সর্বোচ্চ সাফল্য
1st SLST (Pol-Sc)-এর চূড়ান্তভাবে বহু সফলদের মধ্যে কয়েকজন —

1. Utpal Kumar : 12221627000974
2. Gopal Biswas : 12221627000926
3. Rony Sarkar : 52221627000170
4. Soumen Dolui : 32221627000158
5. Sujay Biswas : 52221627000197
6. Nirapada Sikdar : 22221627001068
7. Indrani Mazumder : 32221627000209
8. Aritra Halder : 32221627000617
9. Rekha Manna : 32221627000372
10. Md. Irak Ali : 22221627001479
11. Rinku Naskar : 32221627000390
12. Md. Mahasin Layek : 12221627000563

2nd SLST ক্লাস শুরু হয়েছে রেগুলার ও পোস্টাল কোর্সে

যোগাযোগ : পি. ব্যানার্জি
(সংবিধান বইয়ের লেখক ও শিক্ষক)
9830556754, 8240702109

**Free মোবাইল কোর্স করে চাকুরি করুন**

বিশেষ প্রতিনিধি : Skill India, Govt. of India এবং Raysah Infotechnology-এর যৌথ উদ্যোগে চাকুরিহীন ছাত্রছাত্রীদের জন্য বিশেষ সুযোগ দেওয়া হচ্ছে। যেকোনো Chiplevel course Laptop, Motherboard, Printer অথবা Diploma course-এর সাথে মোবাইল কোর্সটি সম্পূর্ণ বিনামূল্যে করানো হচ্ছে। মাত্র ৫০টি সিট। Course এর শেষে Govt.-এর Certificate এবং চাকুরির সুযোগ থাকছে। বিশদে জানতে যোগাযোগ

Garia- 8017703075, Dum Dum- 9062272304

**CHINAI COLLEGE OF NURSING (Bangalore)**
Good Results means Chinai College
Admission Going On
100% Job Guarantee
**GNM & B.Sc. Nursing**
For Direct Admission Contact our authorised centres in W.B. (Go Education)
Dr. Hassan 8372997425 (Kolkata)
Dr. Shyamal 7029205775 (North Bengal)

**কৃষ্ণনগর আর্মি র‍্যালির মেডিক্যাল ও রি-মেডিক্যাল ফিট ছেলেদের লিখিত পরীক্ষার প্রস্তুতির জন্য ভর্তি চলছে**
G.D., TDN, CLERK, TECHNICAL, NURSING ASST. ভর্তি ফি - ৩০০০/-

INDIAN FORCE ACADEMY™

★ স্টাডি মেটেরিয়ালস্ ও মক টেস্টের সুব্যবস্থা।
★ আসন্ন আর্মি র‍্যালির জন্য দুইবেলা মাঠের অনুশীলন।
★ ট্রেড অনুযায়ী প্রতিটি সাবজেক্টের পৃথক ক্লাসের ব্যবস্থা।
★ আট বাহিনীর মাঠ ও লিখিত পরীক্ষার প্রস্তুতি এখন থেকেই।
★ স্বল্প খরচে মনোরম পরিবেশে নিজস্ব হোস্টেলে থাকা-খাওয়ার সুব্যবস্থা।

এছাড়াও ভর্তি চলছে — রেল গ্রুপ 'ডি' | রাজ্যের মহিলা কনস্টেবল | আবগারি দপ্তরে সাব-ইন্সপেক্টর | ৫ কেন্দ্রীয় পুলিশ সাব-ইন্সপেক্টর

NDA | NAVY | AIR FORCE (X,Y GROUP)

ARMY, DELHI POLICE, CISF TRADESMAN, CRPF TRADESMAN

★ উপরোক্ত পরীক্ষার প্রস্তুতির জন্য ভর্তি হতে ১৫ মার্চ ২০১৮-এর মধ্যে যোগাযোগ করুন

HEAD OFFICE : Airport Gate-1, Kol-28 : 9836635555
CAMPUS : Rajarhat, New Town, Kol -135 : 9831234235
SILIGURI : Shiv Mandir, Medical More : 7890009672
DURGAPUR : City Center, Bengal Ambuja : 7890033388

হেড অফিস আসতে: শিয়ালদহ ও দমদম থেকে 30B, হাওড়া থেকে - L238 বাস ধরে এয়ারপোর্ট ১ নং গেট
Website - www.indianforceacademy.com, E-mail - info@indianforceacademy.com

Visit www.banglajobguide.tk fb.com/BanglaJobGuide Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



## সাম্প্রতিক ঘটনাপ্রবাহ এক নজরে

গত সপ্তাহের পর

**২২ ফেব্রুয়ারি :** ব্রিটিশ বিজ্ঞানী চার্লস ডারউইনের সই করা এক চিঠি নিলামে উঠল। ১৯৮১ সালের ২০ অক্টোবর বিবর্তন সম্বন্ধে কিছু প্রশ্ন তুলে ডারউইনকে একটি ৩ পাতার চিঠি লিখেছিলেন কানাডীয় কৃষক জুলিয়াস ফ্রাজেল গালবারিথ। ১১ নভেম্বর সেই চিঠির উত্তর দেন ডারউইন। এই চিঠিটিই নিলামে উঠেছে।

□ রাজ্যের কারিগরি শিক্ষা ও প্রশিক্ষণ আর দক্ষতা উন্নয়ন বিভাগের মন্ত্রী পূর্ণেন্দু বসু বিধানসভায় জানালেন, বেসরকারি যেসব সংস্থা আই.টি.আই'এর দায়িত্ব নিয়েছে, তাদেরই ৭০ ভাগ ছাত্রছাত্রীর কর্মসংস্থানের সুযোগ করে দিতে হবে।

□ সব আই.টি.আই কলেজে স্মার্ট ক্লাসরুম তৈরি করা হচ্ছে বলে জানালেন রাজ্যের কারিগরি শিক্ষামন্ত্রী পূর্ণেন্দু বসু।

□ বার্লিনের স্বেচ্ছাসেবী সংস্থা 'ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল'এর এক রিপোর্ট অনুযায়ী, বিশ্বের ১৮০টি দুর্নীতিগ্রস্ত দেশের তালিকায় ৮১তম স্থান পেল ভারত। ২০১৬ সালে এই তালিকায় ভারতের স্থান ছিল ৭৯তম।

□ প্রথম ভারতীয় মহিলা বৈমানিক হিসাবে একা সুপারসনিক যুদ্ধবিমান মিগ ২১ 'বাইসন' ওড়ালেন ফ্লাইং অফিসার অবনী চতুর্বেদী।

□ 'জাতীয় সাব জুনিয়র ভারোত্তোলন'এ ৪৮ কেজি বিভাগে ব্রঞ্জ পদক পেলেন শ্রাবণী দাস ও ৫৩ কেজি বিভাগে ব্রঞ্জ পদক পেলেন তনুশ্রী মণ্ডল।

**২৩ ফেব্রুয়ারি :** সকাল ১০.৫২ মিনিটে ওড়িশা উপকূলে পারাদ্বীপের কাছে নৌবাহিনীর জাহাজ থেকে পরমাণু অস্ত্র বহনে সক্ষম ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র 'ধনুষ'এর পরীক্ষামূলক উৎক্ষেপূণ হল। ভূমি থেকে ভূমিতে ও সমুদ্রে ৩৫০ কিলোমিটার দূরে নির্দিষ্ট লক্ষ্যবস্তুতে সফলভাবে আঘাত হানতে সক্ষম এই ক্ষেপণাস্ত্র। দেশীয় প্রযুক্তিতে তৈরি 'পৃথ্বী' ক্ষেপণাস্ত্রের উন্নততর রূপ 'ধনুষ'।



বিশ্বের সবথেকে ছোট পেনসিল তৈরি করে নজির গড়লেন উত্তরাখণ্ডের বাসিন্দা প্রকাশ চন্দ্র উপাধ্যায়। এই পেনসিলটি ৫ মিলিমিটার লম্বা ও ০.৫ মিলিমিটার চওড়া। একটুকরো কাঠ দিয়ে তৈরি এই পেনসিলের এইচবি শীর্ষ পালটানো যাবে না।

□ রাজ্যের স্বাস্থ্য প্রতিমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য জানালেন, সাধারণ মানুষের হাতের নাগালে চিকিৎসা পরিষেবা পৌঁছে দিতে রাজ্যে আরও ৭টি মেডিক্যাল কলেজ ও হাসপাতাল গড়ে তোলা হচ্ছে।

KAUTILYA
CIVIL SERVICE ACADEMY
Dum Dum Cantonment, Kol-65
9836336298
9836041198
In West Bengal we are providing the best coaching for
☞ UPSC-Civil Service
C-SAT & General Studies / Mains
☞ W.B.C.S. [Exe] & etc.
Prelims, Mains & P.T.
☞ Audit & A/Cs Service
☞ Bank PO / IBPS, RAIL, SSC-Graduate Level
☞ S.I. of Police, School, Food etc. from the Year 2004
We believe all the students may crack Govt. Services according to their level of studies having a killer instinct under our killer guidance, Supervision & team work.
No Admission Charges, Only Monthly Fees System

□ এবার অনূর্ধ্ব ৫ শিশুদের জন্য সম্পূর্ণ আলাদা নীল রঙের আধার কার্ড তৈরি করা হচ্ছে বলে জানালো আধার কর্তৃপক্ষ। প্রসঙ্গত উল্লেখ্য, শিশুদের এই আধার কার্ডে একটি ছবি ছাড়া বায়োমেট্রিক তথ্য কিছু থাকবে না। বাচ্চার বয়স ৫ পেরোলে বায়োমেট্রিক তথ্য দিয়ে নতুন আধার কার্ড তৈরি করতে হবে।

□ 'এইচ ওয়ান বি ভিসা' অনুমোদনের প্রক্রিয়া আরও কঠিন করল ডোনাল্ড ট্রাম্প প্রশাসন। এর ফলে সমস্যায় পড়তে চলেছে সব ভারতীয় তথ্যপ্রযুক্তি সংস্থা। প্রসঙ্গত উল্লেখ্য, এই নতুন বিধি অনুসারে, 'এইচ ওয়ান বি ভিসা' ৩ বছরের কম সময়ের জন্য বিদেশি কর্মীকে ইস্যু করা হবে। আগে তা ৩ বছরের জন্য ইস্যু করা হত। যে সংস্থা 'এইচ ওয়ান বি ভিসা'র জন্য আবেদন জানাবে, তাদের প্রমাণ করতে হবে, সংশ্লিষ্ট কর্মী থার্ড পার্টি ওয়ার্কসাইটে নির্দিষ্ট কাজ করবেন, ও সবরকম নিয়ম মেনে চলবেন। কোনো কর্মী যদি 'এইচ ওয়ান বি ভিসা'র মেয়াদ বাড়ানোর আবেদন জানান, তাহলে তাঁকে প্রমাণ করতে হবে, সংশ্লিষ্ট সংস্থা তাঁকে প্রাপ্য মাইনে ও অন্যান্য সুযোগসুবিধা দিয়েছে।

□ কোরিয়ার বিরুদ্ধে হকি সিরিজে ভারতের মহিলা দলের অধিনায়ক বাছা হল রাণি রামপালকে।

□ প্রথম ভারতীয় ক্লাব হিসাবে বিদেশি কোনো ক্লাবে ফুটবলার বিক্রি করে ট্রান্সফারের টাকা রোজগার করল সুনীল ছেত্রীর ক্লাব বেঙ্গালউরু এফ সি। প্রসঙ্গত উল্লেখ্য, স্প্যানিশ ফুটবলার এড়ু গার্সিয়াকে চিনের প্রথম ডিভিশনে খেলা দল ঝেজিয়াং লুচেনে ছেড়ে দিল তারা। বিনিময়ে বিদেশি ক্লাব থেকে ফুটবলার ট্রান্সফার ফি হিসাবে প্রায় ৯৮ লাখ টাকা তুলে নিল।

□ শীতকালীন অলিম্পিকে সিঙ্গল ফিগার স্কেটিংয়ে ১৫ বছর বয়সে সোনার পদক পেলেন রাশিয়ার অলিনা জাগিতোভা।

□ 'বেঙ্গালউরু প্রিমিয়র লিগ'এ চ্যাম্পিয়ন হল ওজোন এফসি।

**২৪ ফেব্রুয়ারি :** যৌথ বাহিনীর সঙ্গে গুলির লড়াইয়ে 'গারো ন্যাশনাল লিবারেশন আর্মি'র (GNLA) স্বঘোষিত নেতা সোহন ডি শিরা মারা গেলেন।



বলিউড অভিনেত্রী শ্রীদেবী (৫৪ বছর) মারা গেলেন।

□ সকালের প্রার্থনার সময় সব স্কুলে গায়ত্রী মন্ত্র স্তব করানোর সিদ্ধান্ত নিল হরিয়ানা সরকার।

□ সোমালিয়ার রাজধানী মোগাদিশুতে অবস্থিত প্রেসিডেন্ট ভবনের কাছে গাড়িবোমা বিস্ফোরণে ৪৫ জন মারা গেলেন।

□ ১৩.৬৪৯ পয়েন্ট সংগ্রহ করে মেলবোর্নে অনুষ্ঠিত 'বিশ্ব জিমন্যাস্টিক্স'এ মেয়েদের ভল্টে ব্রঞ্জ পদক পেলেন ভারতের অরুনা বুড্ডা রেড্ডি। প্রথম ভারতীয় জিমন্যাস্ট হিসাবে বিশ্বকাপে পদক পেলেন তিনি।

□ আসন্ন 'ইন্ডিয়ান প্রিমিয়র লিগ'এ রাজস্থান রয়্যালসের অধিনায়ক হতে চলেছেন স্টিভেন পিটার ডেভেরেয়াক্স স্মিথ।



'শীতকালীন অলিম্পিক্স'এ স্নো বোর্ড ও স্কিইংয়ে জোড়া সোনার পদক পেয়ে ইতিহাস গড়লেন চেক প্রজাতন্ত্রের এস্টার লেডেচকা।

**২৫ ফেব্রুয়ারি :** কর্নাটকের চিত্রদুর্গ জেলার চলকেরেতে চালকবিহীন ড্রোন 'রুস্তম ২'এর পরীক্ষামূলক উৎক্ষেপণ করল 'ডিফেন্স রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অর্গানাইজেশন' (DRDO)। এই ড্রোন একইসঙ্গে সিন্থেটিক অ্যাপারচার রেডার, ইলেক্ট্রিক ইন্টেলিজেন্স পদ্ধতি ও পরিস্থিতির গুরুত্ব বুঝে কাজ করতে সক্ষম। ১৫,০০০ কোটি টাকা খরচ করে এই প্রকল্পটি সফল হলে প্রাথমিকভাবে দেশের সেনা, নৌসেনা ও বায়ুসেনা উপকৃত হবে।

□ চোখ স্ক্যান করে হৃদরোগের আগাম সতর্কতা দেওয়ার নতুন এক প্রযুক্তি আবিষ্কার করল 'গুগল'। তাদের তৈরি আর্টিফিসিয়াল ইন্টেলিজেন্স বা, কৃত্রিম বুদ্ধিমত্তার মাধ্যমে শুধু চোখ পরীক্ষা করেই এবার হৃদরোগের ঝুঁকি এড়ানো যাবে। এই যন্ত্রটি চোখে রেটিনার পিছনের আলোকসংবেদী পর্দা স্ক্যান করে রোগীর বয়স, রক্তচাপ ও ধূমপানের অভ্যাস সম্পর্কে নির্ভুল অনুমান করতে পারে। এই যন্ত্রটি তৈরি করতে 'গুগল' ও ক্যালিফোর্নিয়ার স্বাস্থ্য প্রযুক্তি প্রতিষ্ঠান 'ভেরিলি' একসঙ্গে কাজ করেছে।

□ মিশরের দক্ষিণ কায়রো থেকে প্রায় ২৪৫ কিলোমিটার দূরে অবস্থিত মিনিয়ায় প্রায় ৩,০০০ বছরের পুরনো এক সমাধির খোঁজ পাওয়া গেল। সেখানে ৪০টি লাশ কফিনবন্দি ও হাজারটি লাশ মাটিতেই মিশেছিল। এইসব সমাধিক্ষেত্র প্রাচীন মিশর যুগ বা, মেসোপটেমিয়া যুগের। এর খনন কাজ শুরু হয়েছে ২০১৭ সালে। এর কাজ শেষ হতে আরও ৫ বছর লাগবে।

□ 'অ্যাপল' সংস্থার সহ প্রতিষ্ঠাতা স্টিভ জবসের চাকরির দরখাস্ত নিলামে তুলতে চলেছে বস্টনের এক নিলাম সংস্থা। এই দরখাস্ত থেকে জানা গেছে, তিনি স্পেশাল এবিলিটি বা, বিশেষ দক্ষতার জায়গায় লিখেছিলেন, 'টক অর ডিজাইন ইঞ্জিনিয়ার'। ড্রাইভিং লাইসেন্স আছে কিনা, তা নিয়ে প্রশ্ন করা হলে তিনি লিখেছিলেন, 'পসিবল বাট নট প্রোবাবেল'। এই দরখাস্তের দাম ৫০ হাজার ডলার পর্যন্ত উঠতে পারে বলে মনে করছে নিলাম সংস্থা।

□ সব আঞ্চলিক মিউজিয়ামের জন্য অর্থ বরাদ্দ বাড়ালো কেন্দ্রীয় সরকার। প্রসঙ্গত উল্লেখ্য, কেন্দ্রীয় সরকার চলতি আর্থিক বছরের জন্য ৯০ কোটি টাকা বরাদ্দ করেছে। পরের বছরের জন্য সেই অঙ্ক ৯৫ কোটি টাকা।

□ ইসরায়েলের অসাধু ইচ্ছার প্রতিবাদে জেরুজালেমে যিশুর সমাধিস্থল অনির্দিষ্টকালের জন্য বন্ধ করে দেওয়ার সিদ্ধান্ত নিলেন প্যালেস্তিনী খ্রিস্টান ধর্মগুরুরা।

□ সেনাবাহিনীতে যোগ দেওয়ার ছাড়পত্র পেল সৌদি নারীরা। তবে যাঁরা অ-আরবকে বিয়ে করেছেন, তাঁরা সৌদি সেনাবাহিনীতে যোগ দেওয়ার জন্য অনুমতি পাবেন না।

□ জোরগেনসেনকে ২১-১৫ ও ২১-১৩ ব্যবধানে হারিয়ে 'সুইস ওপন ব্যাডমিন্টন টুর্নামেন্ট'এ পুরুষদের সিঙ্গলসে চ্যাম্পিয়ন হলেন ভারতের সমীর ভার্মা।

□ বুলগেরিয়ায় অনুষ্ঠিত 'স্ট্র্যান্ডিয়া আন্তর্জাতিক স্মৃতি বক্সিং টুর্নামেন্ট'এ ছেলেদের ৪৯ কেজি বিভাগে সোনার পদক পেলেন অমিত পাঙ্ঘাল ও ছেলেদের ৭৫ কেজি বিভাগে সোনার পদক পেলেন বিকাশ কৃষাণ।

□ 'সুলতান আহমেদ স্মৃতি অনূর্ধ্ব-১৪ ফুটবল টুর্নামেন্ট'এ চ্যাম্পিয়ন হল মোহনবাগান স্পোর্টিং।

□ মালয়েশিয়ার জুন ওয়েই চিমকে ২৩-২১ ও ২১-১৪ ব্যবধানে হারিয়ে 'অস্ট্রিয়ান ওপন আন্তর্জাতিক চ্যালেঞ্জ'এ পুরুষদের সিঙ্গলসে চ্যাম্পিয়ন হলেন ভারতের পারুপল্লি কাশ্যপ।

□ বুলগেরিয়ার সেভদা আসেনোভার কাছে হেরে 'স্ট্র্যান্ডিয়া আন্তর্জাতিক স্মৃতি বক্সিং টুর্নামেন্ট'এ মহিলাদের ৪৯ কেজি বিভাগে রুপোর পদক পেলেন ভারতের চুঙ্গনেইজাং মেরি কম হামাঙ্গতে।

□ আর্সেনালকে হারিয়ে 'লিগ কাপ'এ চ্যাম্পিয়ন হল ম্যাঞ্চেস্টার সিটি।

□ 'শীতকালীন অলিম্পিক্স'এ আইস হকিতে সোনার পদক পেলেন রাশিয়ার খেলোয়াড়রা।

□ হায়দরাবাদে অনুষ্ঠিত 'গোলকোন্ডা মাস্টার্স গলফ টুর্নামেন্ট'এ চ্যাম্পিয়ন হলেন আহমেদাবাদের উদয়ন মানে।

□ রাশিয়ার দারিয়া কাসাতকিনাকে ৬-৪ ও ৬-০ ব্যবধানে হারিয়ে 'দুবাই ওপন'এ মহিলাদের সিঙ্গলসে চ্যাম্পিয়ন হলেন ইউক্রেনের এলিনা স্ভিতোলিনা।

**২৬ ফেব্রুয়ারি :** রাজ্যের অর্থমন্ত্রী অমিত মিত্র জানালেন, চর্মশিল্পে আরও বেশি কর্মসংস্থান বাড়াতে 'মেগা লেদার ক্লাস্টার' গড়তে চলেছে পশ্চিমবঙ্গ সরকার। কলকাতার বানতলা এলাকায় এই প্রকল্প গড়ে তোলার পরিকল্পনা নেওয়া হয়েছে।



বুলগেরিয়ায় অনুষ্ঠিত 'স্ট্র্যান্ডিয়া আন্তর্জাতিক স্মৃতি বক্সিং টুর্নামেন্ট'এ 'সেরা বক্সার' নির্বাচিত হলেন ভারতের বিকাশ কৃষ্ণাণ। মার্কিন যুক্তরাষ্ট্রের ট্রয় ইসলেকে হারিয়ে ছেলেদের ৭৫ কেজি বিভাগে সোনার পদক পেলেন তিনি।

□ কলেজ স্ট্রিটের ইতিহাস এবার 'সংস্কৃত বিশ্ববিদ্যালয়'এর মিউজিয়ামে স্থান পেতে চলেছে। প্রসঙ্গত উল্লেখ্য, কলেজ স্ট্রিটে জমি নির্ধারণ কীভাবে হল, এই রাস্তাকে কেন্দ্র করে কেন এত শিক্ষা প্রতিষ্ঠান গড়ে উঠল, এত দোকানই বা, কবে থেকে চালু হল — এসবই তুলে ধরা হবে।

□ 'ব্যুরো অফ পুলিশ রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট'এর তরফ থেকে প্রকাশিত এক চাঞ্চল্যকর তথ্য অনুযায়ী, মহিলাদের বিরুদ্ধে অপরাধ বাড়লেও ১ জানুয়ারি ২০১৭ পর্যন্ত পুলিশ বাহিনীতে মাত্র ৭.২৮% মহিলা পুলিশ রয়েছে। দেশে মহিলা পুলিশের মোট পদ রয়েছে ১৯,২৬,২৪৭। কিন্তু ১ জানুয়ারি ২০১৭ পর্যন্ত দেশে মোট মহিলা পুলিশের সংখ্যা মাত্র ১,৪০,১৮৪।

□ তুরস্কের প্রেসিডেন্ট রিসেপ তাইয়েপ এরদোগানকে নিয়ে বাংলা ভাষায় প্রথম বই লেখা হল। প্রসঙ্গত উল্লেখ্য, তুরস্কের 'গাজি বিশ্ববিদ্যালয়'এর গবেষক হাফিজুর রহমানের লেখা এই বইটির নাম 'এরদোগান দ্য চেঞ্জ মেকার'।

☞ এরপর আগামী সপ্তাহে

সঙ্কলক : পল্লবী দেওয়ান

## 'টাইমস অফ ইন্ডিয়া' ক্রীড়া পুরস্কার- ২০১৮



□ মেন্টর : পুল্লেলা গোপীচাঁদ।
□ বছরের সেরা দল : ভারতীয় হকি দল।
□ ইউথ আইকন : বিজেন্দর সিং।
□ ক্রীড়াবিদ : কিদাম্বি শ্রীকান্ত।
□ ব্যাডমিন্টন (জনপ্রিয়তার বিচারে) : পুসারলা ভেঙ্কটা সিন্ধু।
□ শ্যুটার : অনুকূল মিত্তাল।
□ শ্যুটিং (জনপ্রিয়তার বিচারে) : হিনা সিধু।
□ প্যারা অ্যাথলিট (জনপ্রিয়তার বিচারে) : কমলজ্যোতি দালাল।
□ প্যারা অ্যাথলিট : বরুণকুমার ভাটি।
□ কবাডি : প্রদীপ নরওয়াল।
□ টেবল টেনিস (জনপ্রিয়তার বিচারে) : মণিকা বাত্রা।
□ টেবল টেনিস : সত্যেন গনশেখরন।
□ কর্পোরেট সমর্থন : নীতা আম্বানি।
□ সেরা অনুপ্রেরণা : মেয়েদের ক্রিকেট দল।
□ গলফার (জনপ্রিয়তার বিচারে) : শিবকুমার।
□ গলফার : অজিতেশ সান্ধু।
□ বিলিয়ার্ড : পঙ্কজ আদবানি। □ বাস্কেটবল : আমজ্যোৎ সিং গিল। □ বক্সিং : গৌরব বিধুরি।
□ দাবা : হারিকা দ্রোনাভালি। □ স্কোয়াশ : সৌরভ ঘোষাল।

## বিশেষ বিজ্ঞপ্তি

**কর্মসংস্থান** পত্রিকায় প্রকাশিত যে কোনো বিতর্কিত আলোচনা বা, নিবন্ধের যাবতীয় দায়িত্ব লেখকের। কর্মসংস্থান কর্তৃপক্ষ কোনোভাবেই এজন্য দায়ী থাকবে না। ওই মতামত কারো পছন্দসই না হলে, প্রতিবাদ জানাতে পারেন। সেক্ষেত্রে তাও যথাযোগ্য মর্যাদায় ছাপা হবে। কারণ, এটি গণমাধ্যম।

